



## ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এ্যান্ড কলেজ, সৈয়দপুর সৈয়দপুর সেনানিবাস, নীলফামারী নিয়োগ বিজ্ঞপ্তি

১। ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এ্যান্ড কলেজ, সৈয়দপুর সেনানিবাসে নিম্নোক্ত পদসমূহে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

পদের নাম ও সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও বেতন স্কেল
হিসাব সহকারী (পুরুষ)-০১	বাণিজ্য বিভাগ/ব্যবসায় শিক্ষা শাখা থেকে কমপক্ষে এইচএসসি ২য় বিভাগ/সমমানের জিপিএ। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। বেতনস্কেলঃ ৯৭০০-২৩৪৯০/- (গ্রেড-১৫) তৎসহ প্রতিষ্ঠান প্রদত্ত অন্যান্য সুযোগ-সুবিধা।
ড্রাইভার (কার, বাস, কোস্টার ও মাইক্রোবাস)-০২	কমপক্ষে এসএসসি। বিআরটিএ থেকে বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বেতনস্কেলঃ ৯৭০০-২৩৪৯০/- (গ্রেড-১৫) তৎসহ প্রতিষ্ঠান প্রদত্ত অন্যান্য সুযোগ-সুবিধা। অথবা সেনাবাহিনী থেকে অবসরপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য এবং চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হবে। বেতন: আলোচনা সাপেক্ষে।
জেনারেটর অপারেটর কাম ইলেকট্রিশিয়ান (পুরুষ)-০১	কমপক্ষে এসএসসি ২য় বিভাগ/ সমমানের জিপিএ। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। বেতনস্কেলঃ ৯০০০-২১,৮০০/- (গ্রেড-১৭) তৎসহ প্রতিষ্ঠান প্রদত্ত অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য।
পরিচ্ছন্নতা কর্মী (পুরুষ)-০১	কমপক্ষে ৮ম শ্রেণি পাস। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। বেতনস্কেলঃ ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) তৎসহ প্রতিষ্ঠান প্রদত্ত অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য।

২। আবেদনকারীর বয়স ০১ জানুয়ারি ২০২৫ তারিখে সর্বোচ্চ ৩৫ বছর। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

৩। শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, নাগরিকত্ব সনদ, দুই কপি রঙিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, পূর্ণ বায়োডাটা এবং ট্রাষ্ট ব্যাংক লি. অথবা সোনালী ব্যাংক লি. হতে অধ্যক্ষ, ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এ্যান্ড কলেজ, সৈয়দপুর এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার MICR পে-অর্ডারসহ স্বাক্ষরিত আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ০৮ জানুয়ারি ২০২৫ তারিখ রাত ২২০০ ঘটিকা পর্যন্ত। অবশ্যই পদের নাম খামের উপরে উল্লেখ করতে হবে। সকল সনদপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে।

৪। অনলাইনে আবেদনকারীগণ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে চার্জসহ ৫৩০/- টাকা জমাপূর্বক আবেদন করে প্রবেশপত্র সংগ্রহ করবে।

৫। সকল পদের লিখিত পরীক্ষা আগামী ১০ জানুয়ারি ২০২৫ তারিখ (শুক্রবার) সকাল ১০০০ ঘটিকায় অত্র প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে। আগামী ১১ জানুয়ারি ২০২৫ তারিখে লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। এজন্য কোনো ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে না (অনলাইন ব্যতীত) এবং কোনো টিএ/ডিএ দেয়া হবে না।

৬। লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের তালিকা আগামী ০৯ জানুয়ারি ২০২৫ তারিখ বিকাল ১৫০০ ঘটিকায় প্রতিষ্ঠানের ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

৭। বিস্তারিত: [www.cpscs.edu.bd](http://www.cpscs.edu.bd)

অধ্যক্ষ